গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস ভ্যালুয়েশন এন্ড ইন্টারনাল অডিট কমিশনারেট
৩৫, পাইওনিয়ার রোড (২য় তলা)
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
www.customsvlauation.gov.bd

নথি নং- শুমূঅনি/শুল্কায়ন/AEO/০৪/২০১৮/অংশ-১/২০২১/ ২২৬ তারিখ-০৭/০৫/২০২৩

বিষয় ঃ **অথরাইজড ইকোনমিক অপারেটর (AEO) এর সাময়িক সনদ প্রাপ্ত প্রতিষ্ঠানসমূহের বিধি অনুযায়ী প্রাপ্য সুবিধাদি নিশ্চিতকরণ প্রসঙ্গে**

সূত্র ঃ এস.আর.ও নং-২১৪-আইন/২০১৮/৩৭/কাস্টমস, তারিখ-২৮/০৬/২০১৮।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনার সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। এস.আর.ও নং-২১৪-আইন/২০১৮/৩৭/কাস্টমস, তারিখ-২৮/০৬/২০১৮ এর বিধি ৩ অনুযায়ী গঠিত Authorized Economic Operator (AEO) কমিটি প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাই করে নিয়ন্ত্রণকারী কমিশনারেট, আয়কর বিভাগ থেকে প্রাপ্ত সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিষয়ে প্রাপ্ত মতামত এর আলোকে নিম্নোক্ত প্রতিষ্ঠানসমূহকে অথরাইজড্ ইকনোমিক অপারেটর (স্বীকৃতি প্রদান) বিধিমালার সাময়িক সনদ প্রদান করা হয়েছে। প্রতিষ্ঠানসমূহের তালিকা নিম্নরূপ:

| ক্রমিক নং | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | বিন নম্বর | সনদের প্রকৃতি |
|---|---|---|---|
| ১. | **স্কয়ার ফার্মাসিউটিক্যালস লিমিটেড**<br>স্কয়ার সেন্টার, ৪৮ মহাখালী বা/এ, গুলশান, ঢাকা। | ০০০০০০১৫১-০০০৫ | সাময়িক |
| ২. | **বেক্সিমকো ফার্মাসিউটিক্যালস লিমিটেড**<br>১৯ ধানমন্ডি, রোড নং- ০৭, ঢাকা-১২০৫। | ০০০০০০১০৬-০০০৫ | সাময়িক |
| ৩. | **ইনসেপ্টা ফার্মাসিউটিক্যালস লিমিটেড**<br>তেজগাঁও, ঢাকা | ০০০০০০১৬৯-০০০৫ | সাময়িক |
| ৪. | **ওমেরা সিলিন্ডার্স লিমিটেড**<br>পাইকপাড়া, সাতিয়া, বাহুবল, হবিগঞ্জ। | ০০০২০০৩১১-০৭০৪ | সাময়িক |
| ৫. | **ফেয়ার ইলেকট্রনিক্স লিঃ**<br>কামারগাঁও, পুটিয়া, শিবপুর, নরসিংদী। | ০০১২৯৪৯৯৮-০৩০৬ | সাময়িক |
| ৬. | **তোয়া পার্সনাল প্রটেকটিভ ডিভাইস বাংলাদেশ লি:**<br>প্লট নং- ৪৬-৫০ এবং ৫৩-৫৭ (দ্বিতীয় ফেইজ), ঈশ্বরদী ইপিজেড, পাকশি পাবনা। | ০০০২৭৪৭৯৫-১১০৫ | সাময়িক |
| ৭. | **জিহান ফুটওয়্যার (প্রাঃ) লিমিটেড**<br>রামপুর বুড়িচং কুমিল্লা, কর্পোরেট অফিস-৬৪/4(৪র্থ তলা) নয়াপল্টন, ঢাকা। | ০০০৫৯০৬৫৯-০৬০১ | সাময়িক |
| ৮. | **কাটিং এ্যাজ ইন্ডাস্ট্রিজ লিঃ**<br>১৬১২, দক্ষিন সালনা, সালনা বাজার, গাজীপুর সদর, গাজীপুর। | ০০০৪৪৯৫৯৯-০১০৩ | সাময়িক |
| ৯. | **এম বিএম গার্মেন্টস লিঃ**<br>এম-১৯ এন্ড এম-১৪, মিরপুর-১৪, মিরপুর, ঢাকা-১২০৬। | ০০০৪৫০২৯৫-০৪০১. | সাময়িক |
| ১০. | **এসিআই গোদরেজ এগ্রোভেট প্রাইভেট লি:**<br>কাদেরিয়া টাওয়ার(৭ম ও ৮ম তলা),জে এ ২৮/৮-বি মহাখালী বাণিজ্যিক এলাকা,ঢাকা-১২১২ | ০০০২৪১০৮৯-১১০৭ | সাময়িক |
| ১১. | **সুনিভার্স ফুটওয়্যার লিমিটেড**<br>ফ্যাক্টরির ঠিকানাঃ- গ্রাম ও ডাকঘর - হবিরবাড়ী, ওয়ার্ড নং - ০৯, থানাঃ ভালুকা, জেলাঃ ময়মনসিংহ, | ০০০২৯২৫১৩-০১০৩ | সাময়িক |
| ১২. | **M/S FOOTSTEPS BANGLADESH LIMITED**<br>Kondal Bagh, Zirabo, Ashulia, Savar, Dhaka, Bangladesh), | ০০০৭৮০৭৬২-০৪০৩ | সাময়িক |

০৩। উল্লেখ্য যে, ইতোপূর্বে সাময়িক সনদ প্রাপ্ত (ক) **স্কয়ার ফার্মাসিউটিক্যালস লিমিটেড,** স্কয়ার সেন্টার, ৪৮ মহাখালী বা/এ, গুলশান, ঢাকা, (খ) **বেক্সিমকো ফার্মাসিউটিক্যালস লিমিটেড,** ১৯ ধানমন্ডি, রোড নং- ০৭, ঢাকা-১২০৫ ও (গ) **ইনসেপ্টা ফার্মাসিউটিক্যালস লিমিটেড,** তেজগাঁও, ঢাকা প্রতিষ্ঠানসমূহকে সাময়িক সনদ প্রদান করা হয়েছে। উক্ত সনদ অনুযায়ী এস.আর.ও নং-২১৪-আইন/২০১৮/৩৭/কাস্টমস, তারিখ-২৮/০৬/২০১৮ এর বিধি ৯ এ প্রাপ্য সুবিধাদি নিম্নরূপ :

(ক) কাস্টম হাউস বা কাস্টমস্ স্টেশনের পরিবর্তে অথরাইজড ইকোনমিক অপারেটরের (AEO) নিজস্ব আঙ্গিনায় (Premise) আমদানিকৃত পণ্য কায়িক পরীক্ষণের (Physical Examination) সুযোগ;

(খ) পণ্য সরাসরি খালাস বা, ক্ষেত্রমত, জাহাজীকরণের সুযোগ;

(গ) কাস্টমস কর্মকর্তার সমন্বয়ে গঠিত বিশেষ টীমের নিকট হইতে দ্রুত সেবা গ্রহণ;

(ঘ) পণ্য চালান বন্দরে আসিবার পূর্বেই বিল অব এন্ট্রি অথবা বিল অব এক্সপোর্ট দাখিলসহ শুল্কায়ন সংশ্লিষ্ট কার্যক্রম সম্পন্নকরণের সুযোগ;

(ঙ) প্রয়োজনীয় গুরুত্বপূর্ণ দলিলাদি উপস্থাপনের মাধ্যমে শুল্কায়ন সম্পন্ন;

(চ) কাস্টমস কর্তৃপক্ষের সহিত সকল যোগাযোগ ই-মেইল অথবা অন্যবিধ ইলেক্ট্রনিক মাধ্যমে দ্রুত সম্পন্নের সুযোগ;

(ছ) যে কোন কাস্টমস স্টেশনে সহজে প্রবেশ ও কার্যক্রম পরিচালনার জন্য অথরাইজড ইকনোমিক অপারেটর (AEO) কর্তৃক মনোনীত প্রতিনিধিকে বিশেষ পরিচয়পত্র প্রদান;

(জ) স্বল্পতম সময়ে প্রত্যর্পণ প্রদানের ব্যবস্থা;

(ঝ) বিকল্প বিরোধ নিষ্পত্তির (ADR) অথবা অন্য কোন মাধ্যমে চলমান মামলা দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ;

(ঞ) অথরাইজড ইকনোমিক অপারেটর (AEO) এর নাম ও ঠিকানা কাস্টমস ওয়েবসাইটে প্রকাশ।

উপরি-উক্ত সুবিধাদি প্রদান করা হচ্ছে না মর্মে পূর্বে সাময়িক সনদ প্রাপ্ত প্রতিষ্ঠানসমূহ বিভিন্ন সময়ে অভিযোগ জানিয়ে আসছে।

০৪। ইতোমধ্যে জাতীয় রাজস্ব বোর্ডের মাননীয় সদস্য জনাব মইনুল খানের নেতৃত্বে একটি দল ইন্ডিয়া ভ্রমন করে AEO কার্যক্রম ও প্রদত্ত সুবিধাদি সম্পর্কে সরেজমিন অভিজ্ঞতা অর্জন করে। উক্ত অভিজ্ঞতার আলোকে অথরাইজড ইকনোমিক অপারেটর (AEO) সনদ প্রাপ্ত প্রতিষ্ঠানসমূহকে নিম্নোক্ত সুবিধাদি প্রদান করা যেতে পারে ঃ

বিধি-৯ এ বিদ্যমান সুবিধাদির সাথে নিম্নোক্ত সুবিধাদি সংযোজন করার প্রস্তাব করা হলো:

(ট) AEO সংক্রান্ত এস.আর.ও নং- ২১৪ আইন/২০১৮/৩৭/কাস্টমস, তারিখ-২৮/০৬/২০১৮ সংশোধনপূর্বক AEO সনদ প্রত্যাশি যোগ্য আবেদনকারীগণকে নিম্নরূপ ০৩টি শ্রেণীতে বিভাজনপূর্বক তাদের জন্য প্রাপ্য সুবিধাদি এস.আর.ও তে অন্তর্ভুক্ত করা যেতে পারে;

**Benefits Associated with AEO T1/T2/T3**

| Benefits | Tier-T1 | Tier-T2 | Tier-T3 |
|---|---|---|---|
| High Facilitation at import station. Such as pre-arrival declaration, assesment on the basis of declaration | Yes | Yes | Yes |
| Direct Port Delivery/Direct Port Entry (No physical examination) | Yes | Yes | Yes |
| Expedited investigation-dispute resolution | Yes | Yes | Yes |
| BG 50% in case of any dispute | Yes | 25% | No Bank Guarantee only undertaking |
| Delivery on request 24x7 at all sea-ports and airports | Yes | Yes | Yes |
| Renewal of the certificate | Once in two years | Once in 3 (three) years | Once in 5 (five) years |
| Information by e-mail on arrival/departure | Yes | Yes | Yes |
| Deferred duty payment | No | Fortnightly | Monthly |
| MRA (Mutual Recognation Agreement) benefits in other countries | No | Yes | Yes |
| Waiver of seal verification | No | Yes (No, if it is earlier motified by The monitoring authority) | Yes (No, if it is earlier motified by The monitoring authority) |
| Refund/Rebate and Faster drawback | No | 45 days | 30 days |

(ঠ) যদি কোন আমদানি চালান স্ক্যানিং পর্যায়ে Suspected হয় উক্ত আমদানি চালানটি ডিজিটাল সিস্টেমে এন্ট্রি করতে হবে, কন্টেইনারের সীল ভাঙ্গা যাবে না, পণ্য চালানটি কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেটের প্রতিনিধি (কর্তৃপক্ষের পূর্বানুমতিক্রমে) এবং প্রতিষ্ঠানটির

নিয়ন্ত্রণকারী কমিশনারেটের উপযুক্ত প্রতিনিধি ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রতিনিধিসহ বর্ণিত চালানের (Suspected) বিষয়ে সরেজমিন পরীক্ষামূলক মতামত দাখিল করবে যা অথরাইজড্ ইকনোমিক অপারেটর (AEO) কমিটির কমিশনার, নিয়ন্ত্রণকারী কমিশনারেট ও সংশ্লিষ্ট কাস্টমস স্টেশন বরাবর কায়িক পরীক্ষায় প্রাপ্ত তথ্যাদি প্রেরণ করতে হবে।

(ক) Authorized Economic Operator (AEO) সনদ প্রাপ্ত প্রতিষ্ঠানসমূহের আমদানি-রপ্তানি কার্যক্রম ASYCUDA World-এর বিল অব এন্ট্রি নির্ধারিত Format সুনির্দিষ্ট Field সংযোজন করা যেতে পারে।

(খ) World Trade Organization (WTO)-এর সাথে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর Trade Facilitation Agreement (TFA) মোতাবেক অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড এস.আর.ও নং-২১৪ আইন/২০১৮/৩৭/কাস্টমস, তারিখ-২৮/০৬/২০১৮ এর আলোকে সৎ, স্বচ্ছ ও নির্ভরযোগ্য ব্যবসা প্রতিষ্ঠানের অনুকূলে অথরাইজড ইকোনোমিক অপারেটর (AEO) সনদ প্রদান করে ব্যবসা বাণিজ্যের ক্ষেত্রে ব্যয় সংকোচন, সময়ের সাশ্রয় ও উত্তম প্রতিযোগিতামূলক পরিবেশ সৃষ্টির লক্ষ্যে AEO সনদপ্রাপ্ত প্রতিষ্ঠানসমূহকে বিধি ৯ এ বর্ণিত সুযোগ-সুবিধা বাস্তবায়ন করা যেতে পারে।

(গ) Asycuda World System এর Bill of Entry/Bill of Export ফরমে AEO সার্টিফাইড প্রতিষ্ঠানের জন্য সুস্পষ্ট Field Create করে তাদেরকে অন্যান্য আমদানিকারক প্রতিষ্ঠানের তুলনায় দৃশ্যমান সুবিধাদি নিশ্চিত করা যেতে পারে এবং আমদানিকৃত চালান যেহেতু আমদানি পর্যায়ে কোনরূপ কায়িক পরীক্ষা ব্যতীত খালাস প্রদান করা হবে সেহেতু উক্ত চালানসমূহের বিস্তারিত তথ্যাবলী AEO মনিটরিং এর দায়িত্ব প্রাপ্ত দপ্তরকে ডিজিটাল পদ্ধতিতে তাৎক্ষনিকভাবে প্রেরণ করার জন্য আমদানি স্টেশনকে নির্দেশ দেয়া যেতে পারে।

(ঘ) আমদানি চালান শতভাগ বন্দরে স্থাপিত স্ক্যানিং মেশিনের মধ্য দিয়ে Scaned হয়ে খালাসপ্রাপ্ত হবে। Scaned Image Analysis করে কোন ধরনের সন্দেহের উদ্বেগ হলে বা কোন উৎস হতে নির্ভরযোগ্য তথ্য ও প্রমানের ভিত্তিতে রাজস্ব ফাঁকি কিংবা অন্য কোন বিধি-বিধান লঙ্ঘনের তথ্য প্রাপ্তি সাপেক্ষে সংশ্লিষ্ট আমদানি চালান আমদানিকারকের অঙ্গনে কায়িক পরীক্ষায় শর্ত আরোপ করা যেতে পারে। সে ক্ষেত্রে আমদানিকারক যেন কন্টেইনার এর লক/সীল ভেঙ্গে না ফেলেন তার সুস্পষ্ট নির্দেশ পণ্য খালাসকালে খালাস প্রদানকারী শুল্ক কর্তৃপক্ষ কর্তৃক প্রদান করা যেতে পারে। প্রয়োজনে অঙ্গীকারনামা গ্রহনপূর্বক পণ্য চালান খালাস দেওয়া যেতে পারে।

(ঙ) পণ্য চালানটি প্রতিষ্ঠান অঙ্গনে প্রবেশ ও তৎপরবর্তী ব্যবস্থাপনা সম্পর্কে তথ্য প্রযুক্তি ব্যবহার করে AEO প্রতিষ্ঠান মনিটরিং এ দায়িত্বপ্রাপ্ত দপ্তরে উপযুক্ত ডাটাবেজ প্রস্তুতপূর্বক তথ্য বিনিময় সম্পাদনের লক্ষ্যে উপযুক্ত জনবল ও অবকাঠামোগত সুবিধাদি নিশ্চিত করতে হবে। অত্র দপ্তরের অনুমোদিত জনবল কাঠামোতে পর্যাপ্ত ডাটাএন্ট্রি অপারেটর, প্রোগ্রামার, সিনিয়র প্রোগ্রামার পদস্থ করা না গেলে প্রয়োজনে অন্য দপ্তর হতে প্রেষণে জনবল পদস্থ করা যেতে পারে।

সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রমের জন্য প্রেরণ করা হলো।


(মোহাম্মদ এনামুল হক)
কমিশনার
ফোন ঃ ০২-৪১০৩২০৬১
Email:cusvaldhk@gmail.com


প্রাপক ঃ সদস্য (কাস্টমস: নিরীক্ষা, আধুনিকায়ন ও আন্তর্জাতিক বাণিজ্য)
জাতীয় রাজস্ব বোর্ড
আগারগাঁও, ঢাকা

নথি নং- শুমূঅনি/শুল্কায়ন/AEO/০৪/২০১৮/অংশ-১/২০২১/ 236(1) তারিখ- 07/6/২০২৩

**অনুলিপি সদয় অবগতির জন্য ঃ**

১. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, আগারগাঁও, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।


(মোহাম্মদ এনামুল হক)
কমিশনার